

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
এসএ শাখা
www.narail.gov.bd

বালুমহাল ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

নম্বর: ০৫.৪৪.৬৫০০.২০২.১৫.০০২.১৯-৩২৩

তারিখ: ১১ মার্চ ২০১৯

বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা ২০১১, বিভাগীয় কমিশনারের কার্যালয় খুলনা'র ০৪/০২/২০১৯ খ্রি. তারিখের ০৫.৪৪.০০০০.০০২. ২৫.০১৮.১৭-৮৯ নম্বর স্মারকের অনুমোদন এবং ০৩ মার্চ ২০১৯ তারিখে অনুষ্ঠিত জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক বালুমহাল ইজারা প্রদানের লক্ষ্যে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে নড়াইল জেলার লোহাগড়া ও কালিয়া উপজেলা অধিক্ষেত্রের নিম্নবর্ণিত ৮ (আট)টি বালুমহাল বাংলা ১৪২৬ সনের জন্য ১(এক) বছর মেয়াদে (৩০ চৈত্র ১৪২৬ পর্যন্ত) ইজারা প্রদানের নিমিত্ত সিলমোহরকৃত খামে নিম্নবর্ণিত তারিখ ও সময়ে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক	দরপত্র আহবানের পর্যায়	দরপত্র ক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়	মূল্যায়ন (মূল্যায়ন কমিটির সভা) এর তারিখ ও সময়
১	প্রথম দফা	৮ এপ্রিল ২০১৯ বিকাল ৫:০০টা. পর্যন্ত	৯ এপ্রিল ২০১৯ বেলা ১:০০টা. পর্যন্ত	৯ এপ্রিল ২০১৯ বেলা ১:৩০টা.	৯ এপ্রিল ২০১৯ বিকাল ৪:০০ টা.
২	দ্বিতীয় দফা	২২ এপ্রিল ২০১৯ বিকাল ৫:০০টা. পর্যন্ত	২৩ এপ্রিল ২০১৯ বেলা ১:০০টা. পর্যন্ত	২৩ এপ্রিল ২০১৯ বেলা ১:৩০টা.	২৩ এপ্রিল ২০১৯ বিকাল ৪:০০ টা.
৩	তৃতীয় দফা	৮ মে ২০১৯ বিকাল ৫:০০টা. পর্যন্ত	৯ মে ২০১৯ বেলা ১:০০টা. পর্যন্ত	৯ মে ২০১৯ বেলা ১:৩০টা.	৯ মে ২০১৯ বিকাল ৪:০০ টা.

উল্লেখ্য, ১ম দফায় কোন বালুমহালের দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দর অনুমোদিত হলে ২য় দফায় ঐ বালুমহালটির নাম দরপত্র বিজ্ঞপ্তি থেকে বাদ হয়েছে মর্মে গণ্য হবে। একইভাবে ২য় দফায় দরপত্র পাওয়া গেলে এবং অনুমোদিত হলে ৩য় দফায় ঐ বালুমহালটির নাম দরপত্র থেকে বাদ হয়েছে বলে গণ্য করতে হবে।

ইজারাবোধ্য বালুমহালের তথ্য

ক্রমিক	উপজেলার নাম	বালুমহালের নাম	বালুমহালের আয়তন	মৌজার নাম	১৪২৬সনের সম্ভাব্য সরকারি মূল্য	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১	লোহাগড়া	মাকড়াইল-কাশিপুর-চাকশী-চরখড়কদিয়া-চরগোপালপুর বালুমহাল	১২৬.০০ একর	মাকড়াইল, কাশিপুর, চাকশী, চরখড়কদিয়া এবং চরগোপালপুর	৯,৫৭,৭৩৫/-	
২		শালনগর-আজমপুর-শিয়রবর বালুমহাল	৬০.৪৮ একর	শিয়রবর, বুজবুপ শালনগর এবং আজমপুর	২,৫০,২৫০/-	
৩		চর আড়িয়া বালুমহাল	৬০.০০ একর	আড়িয়া, চাচই	২,০১,৮৫০/-	
৪		আমড়াংগা-আতষপাড়া বালুমহাল	১১৪.৪৭ একর	আড়িয়া, চাচই-ধানাইড়, বেলটিয়া, আমড়াংগা, আত্তাইল, কামঠানা, তেতুলিয়া, ছাগলছিড়া, আরাঙ্গিটগরবন্দ, চরবকজুড়ি, মহিষাপাড়া, মঞ্জলহাটা এবং মল্লিকপুর	৬,৮২,১৮৪/-	
৫		তেলকাড়া-বড়দিয়া বালুমহাল	২৯.৮৭ একর	তেলকাড়া এবং বড়দিয়া	১,২৩,৭৫০/-	
৬	কালিয়া	বৃহাচলা (পুরাতন) বালুমহাল	০৯.৪৮ একর	বৃহাচলা	৫,৪২,৮৫০/-	
৭		পারভোমবাগ বালুমহাল	০৮.৯২ একর	পারভোমবাগ	১০,৯২,৬৬৬/-	
৮		চরসিংগাতি বালুমহাল	১৪.৬৪ একর	চরসিংগাতি	৮,০৪,৬৫০/-	

দরপত্রের শর্তাবলি :

- জেলা প্রশাসনের তালিকাভুক্ত (লাইসেন্সপ্রাপ্ত) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ছাড়া কেউ বালুমহাল ইজারার দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন না।
- দরপত্র ফরম/সিডিউল বিভাগীয় কমিশনার, খুলনা এর কার্যালয়; জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইলের এসএ শাখা এবং নড়াইল জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে পাওয়া যাবে।
- বালুমহালের দরপত্র সিডিউলের মূল্য ১,০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) নড়াইল জেলার যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জেলা প্রশাসক, নড়াইল এর অনুকূলে জমা দিয়ে দরপত্র সিডিউল ফরম ক্রয় করতে হবে।
- দরপত্রের সাথে উদ্ধৃত দরের ২৫% হারে জামানত হিসেবে নড়াইল জেলার যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জেলা প্রশাসক, নড়াইল এর অনুকূলে জমা দিতে হবে।
- নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন দরপত্র ফরম/সিডিউল বিক্রয় হবে না।
- নির্ধারিত তারিখ ও সময়ে জেলা প্রশাসকের কার্যালয়ের এসএ শাখায় এবং উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর/লোহাগড়া/কালিয়া এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাস্কে দরপত্র দাখিল করতে হবে।

চলমান পাতা-২

